# তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসি এর রেস্টহাউজ পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০২৫

ঢাকা ও ময়মনসিংহ বিভাগের বিভিন্ন অঞ্চলে তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসি এর দপ্তর সন্নিকটে রেস্টহাউজ রয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও এর কোম্পানিসমূহের কর্মকর্তাগণ দাপ্তরিক কাজে/ভ্রমণে রেস্টহাউজে অবস্থান করে থাকেন। রেস্টহাউজে কর্মকর্তা/ অতিথিগণের অবস্থানকালীন ব্যয়ের সার্বিক ব্যবস্থাপনা অভিন্ন, যথাযথ ও স্বচ্ছ করাই এ নীতিমালার উদ্দেশ্য। এর মাধ্যমে রেস্টহাউজগুলো দায়বদ্ধ ও সুশৃঙ্খলভাবে পরিচালনা করা সম্ভব হবে।

**১.০। সংক্ষিপ্ত শিরোনাম:**

১.১। এ নীতিমালাটি "তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর রেস্টহাউজ পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০২৫" নামে অভিহিত হবে।

১.২। এ নীতিমালা দপ্তরাদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

১.৩। এ নীতিমালার যে কোন ধারার সংশোধন, সংযোজন বা পরিবর্তন-পরিমার্জন কিংবা পরিবর্ধনের ক্ষমতা পেট্রোবাংলা সংরক্ষণ করে।

**২.০। সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গ পরিপন্থী কিছু না থাকলে এ নীতিমালায়-

২.১। "সংস্থা" বলতে "বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)" কে বুঝাবে।

২.২। "কোম্পানি" বলতে "তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসি" কে বুঝাবে।

২.৩। "অনুমোদনকারী কর্তৃপক্ষ" বলতে কোম্পানি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত (Authorized) কোনো কর্মকর্তা কে বুঝাবে, যিনি কোম্পানির পক্ষে রেস্টহাউজসমূহ পরিচালনা/ব্যবহারের অনুমোদন করবেন।

২.৪। "পরিবার" বলতে বুঝাবে কর্মকর্তার সাথে বসবাসরত এবং তাঁর ওপর নির্ভরশীল তাঁর স্পাউস, বৈধ সন্তান, সৎসন্তান, পিতা- মাতা এবং অপ্রাপ্ত বয়স্ক ভাই-বোন।

**৩.০। রেস্টহাউজ ব্যবস্থাপনা:**

৩.১। রেস্টহাউজ ব্যবস্থাপনা/পরিচালনার সার্বিক দায়িত্ব কোম্পানির সার্ভিস ডিভিশন/ডিপার্টমেন্ট এর উপর ন্যস্ত থাকবে।

৩.২। রেস্টহাউজ পরিচালনার জন্য কোম্পানি প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত করবে।

৩.৩। কোম্পানির সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট রেস্টহাউজ নিয়মিত রক্ষণাবেক্ষণ করবে।

৩.৪। কোম্পানি রেস্টহাউজসমূহের নিরাপত্তা নিশ্চিত করবে।

৩.৫। রেস্টহাউজে আগত অতিথিবৃন্দ বরাদ্দকৃত রুমে যাওয়ার পূর্বেই কেয়ারটেকার তাদের নাম, ঠিকানা, মোবাইল নাম্বার, আগমনের সময় ও তারিখ রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

৩.৬। কক্ষভাড়া পরিশোধের পর রেস্টহাউজ ত্যাগের পূর্বে কেয়ারটেকার অতিথিবৃন্দের স্বাক্ষর গ্রহণ করবেন। রেজিস্টার সংরক্ষণের দায়িত্বও কেয়ারটেকার নিজে পালন করবেন।

**৪.০। রেস্টহাউজ ব্যবহারকারী:**

৪.১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানির সকল পর্যায়ের কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ এবং পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও পরিচালকবৃন্দ রেস্টহাউজে অবস্থান করতে পারবেন।



CamScanner

৪.২। ওপরে বর্ণিত কর্মকর্তাগণের পরিবার রেস্টহাউজে অবস্থানের ক্ষেত্রে কর্মকর্তাদের ন্যায় সুবিধা প্রাপ্ত হবেন। কিন্তু কর্মকর্তাগণের মাধ্যমে পরিবার ব্যতীত যারা রেস্টহাউজে অবস্থান করবেন তারা বেসরকারি অতিথি হিসেবে গণ্য হবেন এবং সে হিসেবে ভাড়া প্রযোজ্য হবে।

৪.৩। ওপরে বর্ণিত ব্যক্তিবর্গের রেস্টহাউজে অবস্থানের জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষের পূর্ব (লিখিত/ মৌখিক) অনুমোদন গ্রহণ করতে হবে।

৪.৪। দাপ্তরিক প্রয়োজনে অন্যান্য সরকারি/ রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ রেস্টহাউজে অবস্থান করতে পারবেন। এক্ষেত্রে নির্ধারিত ভাড়া প্রযোজ্য হবে।

৪.৫। দাপ্তরিক প্রয়োজনে পেট্রোবাংলা ও পেট্রোবাংলার আওতাধীন বিভিন্ন কোম্পানিসমূহ/প্রকল্প হতে আগমনকারী অতিথিবৃন্দ (দেশি/বিদেশি) রেস্টহাউজে অবস্থান করতে পারবেন। সেক্ষেত্রে তারা বেসরকারি ব্যক্তি হিসেবে গণ্য হবেন।

৪.৬। রেস্টহাউজ ব্যবহারের ক্ষেত্রে ৪.১ এ বর্ণিত কর্মকর্তাগণ অগ্রাধিকার পাবেন।

## ৫.০। রেস্টহাউজের ভাড়া এবং খাবার বিল:

### ৫.১। কক্ষ ভাড়া বিল:

| ক্র নং | যাদের জন্য প্রযোজ্য | অবস্থান কাল | দৈনিক ভাড়ার হার/ রেট (টাকায়) (দুপুর ১২.০০ টা হতে পরদিন ১১.৫৯ পর্যন্ত) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ১ শয্যা বিশিষ্ট কক্ষ (এসি) | | ২ শয্যা বিশিষ্ট কক্ষ (এসি) | |
| | | | সাধারণ হার/রেট | ব্যয়বহুল শহরের জন্য প্রযোজ্য হার/রেট | সাধারণ হার/রেট | ব্যয়বহুল শহরের জন্য প্রযোজ্য হার/রেট |
| ১। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানির সকল পর্যায়ে কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ এবং পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও পরিচালকবৃন্দ | ১-৩ দিন পর্যন্ত | ১৫০/- | ২০০/- | ২০০/- | ২৫০/- |
| | | ৪-৭ দিন পর্যন্ত | ২০০/- | ২৫০/- | ২৫০/- | ৩৫০/- |
| | | ৭ দিনের উর্ধ্বে | ৪৫০/- | ৬০০/- | ৭৫০/- | ৮৫০/- |
| ২। | অন্যান্য সরকারি/রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানের কর্মকর্তা | ১-৩ দিন পর্যন্ত | ২০০/- | ২৫০/- | ৩০০/- | ৩৫০/- |
| | | ৪-৭ দিন পর্যন্ত | ২৫০/- | ৩০০/- | ৩৫০/- | ৪৫০/- |
| | | ৭ দিনের উর্ধ্বে | ৬০০/- | ৭৫০/- | ৮০০/- | ১০০০/- |
| ৩। | পেট্রোবাংলা ও পেট্রোবাংলার আওতাধীন বিভিন্ন কোম্পানিসমূহ/প্রকল্প হতে দাপ্তরিক প্রয়োজনে আগমনকারী অতিথিবৃন্দ/ বেসরকারি ব্যক্তিবর্গ | থাকার সময় নির্বিশেষে | ১৫০০/- | | ১৮০০/- | |

CamScanner

**৫.২। খাবার বিল:** প্রকৃত ব্যয় (at actual)

৫.৩। অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ১৪ জুলাই ২০২২ তারিখের ০৭,০০,০০০০,১৭৩,৩৪.০০৭.১৫ (অংশ-২).৭৮ নং স্মারক অনুযায়ী ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, রংপুর, সিলেট, নারায়নগঞ্জ, ময়মনসিংহ, কক্সবাজার ও গাজীপুর জেলা ব্যয়বহুল শহর হিসেবে গণ্য হবে।

৫.৪। এক শয্যা বিশিষ্ট কক্ষের অভাবে কোন কর্মকর্তা/কক্ষ ব্যবহারকারীকে যদি দুই শয্যা বিশিষ্ট কক্ষ বরাদ্দ দেয়া হয় সেক্ষেত্রে এক শয্যা বিশিষ্ট কক্ষের জন্য প্রযোজ্য হারে/রেটে ভাড়া আদায় করতে হবে।

৫.৫। বিদেশি অতিথি (এয়ারকন্ডিশনার রুম, একক) এর ক্ষেত্রে কক্ষ ভাড়া মার্কিন ডলার ৫০ (পঞ্চাশ) অথবা সমপরিমাণ বাংলাদেশি টাকা। এর সাথে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স প্রযোজ্য হবে।

৫.৬। কক্ষ ভাড়ার হার সম্পর্কিত সরকার কর্তৃক সময় সময় জারিকৃত প্রজ্ঞাপন স্বয়ংক্রিয়ভাবে প্রযোজ্য হবে।

৫.৭। রেস্টহাউজে অবস্থানকারীর কক্ষ ভাড়া ও খাবার বিল ব্যতীত অন্যান্য আনুষঙ্গিক ব্যয় কোম্পানির নিয়মানুযায়ী নির্বাহ করা হবে।

**৬.০। হিসাব সংরক্ষণ পদ্ধতি:**

৬.১। রেস্টহাউজে অবস্থানকারী অতিথিদের সাথে সংশ্লিষ্ট যাবতীয় আয়-ব্যয়ের হিসাব রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

৬.২। অতিথিবৃন্দ চলে যাওয়ার সময় বিল উপস্থাপন করে পাওনা আদায়ের ব্যবস্থা নিতে হবে, কোনো বকেয়া রাখা যাবে না এবং এই টাকার হিসাব নিয়মিতভাবে রেজিস্টারে অন্তর্ভুক্ত করতে হবে।

৬.৩। রেস্টহাউজ ব্যবহারকৃত আয় যথাযথ কর্তৃপক্ষের নিকট নিয়মিত উপস্থাপন করতে হবে এবং নির্ধারিত খাতে তা জমা প্রদান করতে হবে।

৬.৪। প্রতি মাসের আয়-ব্যয়ের প্রতিবেদন রেস্টহাউজের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক কোম্পানির হিসাব বিভাগ/ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে।

৬.৫। প্রতি বছর কোম্পানির নিরীক্ষা বিভাগের মাধ্যমে রেস্টহাউজের আয়-ব্যয়ের হিসাবসহ নীতিমালা বাস্তবায়নের বিষয়টি নিরীক্ষা করাতে হবে।

04/04/2e

ব্যবস্থাপনা পরিচালক
তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসি



CamScanner